# বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
# হাইকোর্ট বিভাগ, ঢাকা।

(সাধারণ ও সংস্থাপন শাখা)
(www.supremecourt.gov.bd)

অফিস আদেশ নং-২৭৩(ক)/২০২৩ (এ এন্ড সি) তারিখঃ- ১১/০৯/২০২৩ খ্রি.

নিম্নলিখিত প্রার্থীগণকে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে "এম,এল,এস,এস" এর শূন্য পদে প্রচলিত ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৮,২৫০-২০,০১০/- টাকার স্কেলে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কাজে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

| ক্র. নং | নাম ও পিতা/স্বামীর নাম | রোল নং | পদের নাম |
|---|---|---|---|
| ১. | সামিনা<br>পিতা- আবুল কাসিম | ২২৯২ | এম,এল,এস,এস |
| ২. | দীপক দত্ত<br>পিতা- ধীরেন্দ্র নাথ দত্ত | ১২৭৩ | এম,এল,এস,এস |
| ৩. | মোছাঃ স্বপ্না বেগম<br>পিতা- ফজলু মুন্সি | ৯০৯৩ | এম,এল,এস,এস |
| ৪. | মো: শামীম ভূঞা<br>পিতা- মৃত মাজাহারুল হক ভূঞা | ৬৯৮৮ | এম,এল,এস,এস |
| ৫. | মোঃ আশরাফুল আলম<br>পিতা- মো: আমিরুল ইসলাম | ৪৫৭৯ | এম,এল,এস,এস |
| ৬. | মো: রায়হান ইসলাম<br>পিতা- মো: বাবলু আলী | ১১০৬ | এম,এল,এস,এস |
| ৭. | মো: শোভন হাসান অপু<br>পিতা- মো: অমিত হাসান | ৭৮৭ | এম,এল,এস,এস |
| ৮. | মোছা: সুরাইয়া খাতুন<br>পিতা- মো: আলেপ আলী | ১১৬৪ | এম,এল,এস,এস |
| ৯. | মো: রেজাউল করিম<br>পিতা- মৃত মো: সাইফুল ইসলাম | ৩৮২৮ | এম,এল,এস,এস |
| ১০. | মো: রিপন মিয়া<br>পিতা- মো: শহিদ মিয়া | ৫৫৪৭ | এম,এল,এস,এস |

নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে আগামী ১৮/০৯/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস সময়ে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের, সাধারণ ও সংস্থাপন শাখায় কাজে যোগদান করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

## শর্তাবলীঃ-

১. কোন প্রার্থী নির্দিষ্ট তারিখের মধ্যে কাজে যোগদান না করলে তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

২. চাকরিতে যোগদানের সময় বয়স, শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব ও নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত অন্যান্য যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল প্রয়োজনীয় মূল/প্রভিশনাল সার্টিফিকেট এবং বিভিন্ন কোটায় নিয়োগপ্রাপ্তদেরকে কোটার প্রমাণক যথাযথ কাগজাদি দাখিল করতে হবে।

৩. তিনি যদি বাংলাদেশের নাগরিক ব্যতিত অন্য কাউকে বিবাহ করেন অথবা কারো সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার প্রতিশ্রুতিবদ্ধ হন তবে তিনি নিয়োগের অযোগ্য মর্মে বিবেচিত হবেন।

৪. নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিয়োগের তারিখ হতে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে থাকতে হবে এবং উক্ত অবস্থায় যে কোন মুহূর্তে কোনরূপ পূর্ব নোটিশ অথবা কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোনো প্রার্থীকে চাকুরিচ্যুত করতে পারবে।

৫. তার শিক্ষানবিশকালীন আচরণ ও কাজ যদি অসন্তোষজনক হয় অথবা তিনি দক্ষতা অর্জন করতে পারবেন না বলে বিবেচিত হন তবে শিক্ষানবিশকাল শেষ হওয়ার পূর্বেই তাকে চাকুরী হতে বাদ দেয়া হবে।

৬. বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এর বিধি ৬(৩)(ক) অনুযায়ী শিক্ষানবিশকালীন সময়ের কর্ম সন্তোষজনক হলে তাকে চাকরিতে স্থায়ী করার বিষয় যথাসময়ে বিবেচনা করা হবে।

৭. চাকরিতে যোগদানের সময় ১৯৬৬ সালের অস্থায়ী চাকুরী বিধি অনুযায়ী একটি প্রতিশ্রুতি (আন্ডার টেকিং) ফরম পূরণ করতে হবে।

৮. শিক্ষানবিশ হিসেবে নিয়োগপ্রাপ্ত কোন প্রার্থী বর্তমানে কোথাও চাকুরিরত থাকলে যোগদানের পূর্বে বর্তমান নিয়োগকর্তার নিকট হতে অবমুক্তকরণ পত্র (Release Order) দাখিল করতে হবে। এ সংক্রান্ত কোন তথ্য গোপন করা হলে শৃঙ্খলা (Discipline) ভঙ্গের দায়ে অভিযুক্ত হবেন।

৯. প্রযোজ্য ক্ষেত্রে আপনার পিতা/মাতা বা পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধার সনদপত্রের সপক্ষে যাবতীয় দালিলিক প্রমাণাদি দাখিল করতে হবে।

১০. তাকে নিজ খরচে নির্ধারিত সিভিল সার্জন/মেডিকেল বোর্ড এর নিকট হতে তার পদের জন্য যোগ্য মর্মে শারীরিক ও মানসিক যোগ্যতার সনদ এবং মাদক পরীক্ষার (ডোপ টেষ্ট) এর সনদ সংগ্রহ পূর্বক দাখিল করতে হবে।

১১. মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনি হলে আপনি মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনি এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/জেলা পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

১২. প্রযোজ্য ক্ষেত্রে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল বা সংশ্লিষ্ট অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক মুক্তিযোদ্ধা সনদ/গেজেট যাচাই-বাছাইয়ান্তে আপনার সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার মুক্তিযুদ্ধে অংশগ্রহণের বিষয়টি সঠিক প্রমাণিত না হলে আপনার নিয়োগ বাতিল হবে এবং নিয়োগ পরবর্তী প্রাপ্ত সকল সুযোগ সুবিধা প্রত্যর্পণ করতে হবে।

১৩. কাজে যোগদানের পর যথানিয়মে প্রত্যেক প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন গ্রহণ করা হবে; যা অবশ্যই সন্তোষজনক হতে হবে।

১৪. কর্মে যোগদানের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

আদেশক্রমে,

11.09.2023

ডেপুটি রেজিস্ট্রার
(সার্বিক ও আদি অধিক্ষেত্র)
ফোনঃ ০২-২২৩৩৮৬৮২৬

স্মারক নং-৮১০৫(খ)(৪) জি,এস, তারিখঃ- ১১/০৯/২০২৩ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-**

১) চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, রুম নং-৫২৮, ৫ম তলা, সি,জি,এ, ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

২) ডি,ডি,ও, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

৩) হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

৪) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ সহ)।

৫) সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

৬) সামিনা, পিতা-আবুল কাসিম, সাং-বড় হাবিব পাড়া, ৮নং ওয়ার্ড, টেকনাফ ইউনিয়ন, ডাকঘর-টেকনাফ-৪৭৬০, উপজেলা/থানা-টেকনাফ, জেলা-কক্সবাজার।

৭) দীপক দত্ত, পিতা-ধীরেন্দ্র নাথ দত্ত, সাং-পুকুরিয়া, ইউনিয়ন-কদমবাড়ী, ডাকঘর-কদমবাড়ী-৭৯১১, উপজেলা/থানা-রাজৈর, জেলা-মাদারীপুর।

৮) মোছাঃ স্বপ্না বেগম, পিতা-ফজলু মুন্সি, সাং-চর আনন্দীপুর, ৫নং সিরতা ইউনিয়ন পরিষদ, ডাকঘর-চর খরিচা বাজার-২২০০, উপজেলা/থানা-ময়মনসিংহ সদর, জেলা-ময়মনসিংহ।

৯) মোঃ শামীম ভূঞা, পিতা-মৃত মাজাহারুল হক ভূঞা, সাং-দক্ষিণপাড়া রানীখার, ইউনিয়ন-ধরখার, ডাকঘর-খোলখার-৩৪৫২, উপজেলা/থানা-আখাউড়া, জেলা-ব্রাহ্মণবাড়ীয়া।

১০)মোঃ আশরাফুল আলম, পিতা-মোঃ আমিরুল ইসলাম, সাং-নয়াকান্দি ভরের চর, ডাকঘর-ভরের চর-১৫১০, উপজেলা/থানা-গজারিয়া, জেলা-মুন্সীগঞ্জ।

১১)মোঃ রায়হান ইসলাম, পিতা-মোঃ বাবলু আলী, সাং- মধ্য পুঠিয়াপাড়া, ডাকঘর-নওহাটা-৬২১৩, উপজেলা/থানা-পবা, জেলা-রাজশাহী।

১২)মোঃ শোভন হাসান অপু, পিতা-মোঃ অমিত হাসান, সাং-কোমর ভোগ খাল পাড়া, ইউনিয়ন-৭নং ওসমানপুর, ডাকঘর-আজইল-৭০২০, উপজেলা/থানা-খোকসা, জেলা-কুষ্টিয়া।

১৩)মোছাঃ সুরাইয়া খাতুন, পিতা-মোঃ আলেপ আলী, সাং-রমানাথপুর, ইউনিয়ন-২নং ওসমানপুর, ডাকঘর-আজইল-৭০২০, উপজেলা/থানা-খোকসা, জেলা-কুষ্টিয়া।

১৪)মোঃ রেজাউল করিম, পিতা-মৃত মোঃ সাইফুল ইসলাম, সাং-হাজীর হাওলা, ডাকঘর-মাদারীপুর-৭৯০০, উপজেলা/থানা-মাদারীপুর, জেলা-মাদারীপুর।

১৫)মোঃ রিপন মিয়া, পিতা মোঃ শহিদ মিয়া, সাং-৫৯০ আন্ধারিয়া নিজপাড়া, ইউনিয়ন-১২নং কামারিয়া, ডাকঘর-রামপুর বাজার-২১০০, উপজেলা/থানা-শেরপুর সদর, জেলা-শেরপুর।

১৬)অফিস কপি/গার্ড ফাইল।

১১/২/২০২৬

সহকারী রেজিস্ট্রার
(সাধারণ ও সংস্থাপন)